“পানি যখন দুই ‘কুল্লা’ হবে তখন তা নাপাক হবে না”।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে পানির (পাক-নাপাক হওয়ার) পরিমাণ এবং যে পানিতে চতুষ্পদ জন্তু ও হিংস্র জন্তু আসা-যাওয়া করে, সে সম্পর্কে জিজ্ঞাসা করা হয়। তিনি
বললেন, “পানি যখন দুই ‘কুল্লা’ হবে তখন তা নাপাক হবে না”। [সহীহ] [এটি আবূ দাউদ, তিরমিযী, নাসায়ী, ইবনে মাজাহ ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে যেসব পানিতে পশু-পাখী, হিংস্র প্রাণী ও অন্যান্য জীবজন্তু আসা-যাওয়া করে তার পবিত্রতা সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল। তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন, পানির পরিমাণ যখন দু’টি বড় কলস সমান হয় যার পরিমাপ (২১০) লিটার, তবে সেটি বেশি পানি যা নাপাক হয় না; কিন্তু তার তিনটি গুণ থেকে কোন একটি গুণ: রঙ অথবা স্বাদ অথবা গন্ধ নাপাক দ্বারা বিকৃত হলে নাপাক হবে।

http://sunnah.global/hadeeth/bn/show/8357